# খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ

খুলনা

www.kda.gov.bd

স্মারক নং-২৫.৪১.০০০০.০০৪.০১.০০৬.২২-৮৩৭৫ তারিখ : ১৪/০৯/২০২২ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (খুউক)-এর নিম্নবর্ণিত রাজস্ব খাতভুক্ত ৪৩ (তেতাল্লিশ)টি শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে অনলাইনে (http://kda.teletalk.com.bd) দরখাস্ত আহ্বান করা যাইতেছে। উল্লিখিত পদে আবেদনের জন্য প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী নিম্নে উল্লেখ করা হইল :

| ক্রমিক নং | পদ নাম ও বেতন স্কেল/২০১৫ | পদ সংখ্যা | সর্বোচ্চ বয়সসীমা | ন্যূনতম যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১. | সহকারী প্রকৌশলী (পুর)<br>টাঃ ২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | ০৪<br>(চার) | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশলে (পুর) দ্বিতীয় শ্রেণীর (সমমানের সিজিপিএ) স্নাতক ডিগ্রি। |
| ০২. | উপ-সহকারী প্রকৌশলী (পুর)<br>টাঃ ১৬০০০-৩৮৬৪০/-<br>(গ্রেড-১০) | ০২ (দুই) | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে প্রকৌশলে (পুর) ডিপ্লোমা ডিগ্রি। প্রথম শ্রেণি (সমমানের সিজিপিএ) প্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ০৩. | প্রাক্কারক<br>টাঃ ১৬০০০-৩৮৬৪০/-<br>(গ্রেড-১০) | ০১<br>(এক) | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে প্রকৌশলে (পুর) ডিপ্লোমা ডিগ্রি। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ০৪. | কম্পিউটার অপারেটর<br>টাঃ ১১০০০-২৬৫৯০/-<br>(গ্রেড-১৩) | ০১<br>(এক) | ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। |
| ০৫. | সাঁট-লিপিকার-কাম কম্পিউটার অপারেটর<br>টাঃ ১১০০০-২৬৫৯০/-<br>(গ্রেড-১৩) | ০১<br>(এক) | ৩০ বৎসর | (ক) অনুমোদিত শিক্ষা বোর্ড হইতে উচ্চমাধ্যমিক বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>(খ) কম্পিউটারে Word Processing/Data Entry ও Typing এ সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ থাকিতে হইবে।<br>(গ) শর্টহ্যান্ডের গতি প্রতি মিনিটে ন্যূনতম বাংলায়-৫০, ইংরেজিতে ৮০ শব্দ থাকিতে হইবে। |
| ০৬. | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর<br>টাঃ ১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০১<br>(এক) | ৩০ বৎসর | (ক) অনুমোদিত শিক্ষা বোর্ড হইতে উচ্চমাধ্যমিক বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>(খ) কম্পিউটারে Word Processing/Data Entry ও Typing এ সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ থাকিতে হইবে।<br>(গ) শর্টহ্যান্ডের গতি প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ৪৫, ইংরেজিতে ৭০ শব্দ থাকিতে হইবে। |
| ০৭. | অডিট সহকারী<br>টাঃ ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০১<br>(এক) | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় বাণিজ্য বিভাগে দ্বিতীয় বিভাগে (সমমানের গ্রেড) উত্তীর্ণ হইতে হইবে। |
| ০৮. | হিসাব সহকারী<br>টাঃ ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০২ (দুই) | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় বাণিজ্য বিভাগে দ্বিতীয় বিভাগে (সমমানের গ্রেড) উত্তীর্ণ। |
| ০৯. | নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>টাঃ ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০৮<br>(আট) | ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত<br>(গ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ।<br>(ঘ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিংসহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১০. | কেয়ারটেকার<br>টাঃ ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০৩<br>(তিন) | ৩০ বৎসর (অবসরপ্রাপ্ত সশস্ত্র বাহিনীর সদস্য বা সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য) | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে (সমমানের গ্রেড) উত্তীর্ণ। |
| ১১. | কার্য-সহকারী<br>টাঃ ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০৪<br>(চার) | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১২. | সার্ভেয়ার<br>টাঃ ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০৪<br>(চার) | ৩০ বৎসর | সরকার অনুমোদিত ০২ (দুই) বছর মেয়াদি সার্ভে কোর্স সার্টিফিকেটসহ কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৩. | ইমারত পরিদর্শক<br>টাঃ ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০৪<br>(চার) | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা এবং কারিগরি শিক্ষা বোর্ড হইতে প্রকৌশলে (পুর) ডিপ্লোমা ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৪. | গাড়ী চালক (হালকা)<br>টাঃ ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০৪<br>(চার) | ৩০ বৎসর | (ক) অষ্টম শ্রেণী উত্তীর্ণ।<br>(খ) হালকা বা ভারী যান চালনায় পারদর্শী হইতে হইবে এবং উক্তরূপ যান চালনার বৈধ লাইসেন্স থাকিতে হইবে এবং<br>(গ) গাড়ী চালানোর ০২ (দুই) বৎসরের বাস্তব এবং লগবুক রক্ষণাবেক্ষণ করার অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৫. | চেইনম্যান<br>টাঃ ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ০১<br>(এক) | ৩০ বৎসর | অষ্টম শ্রেণী উত্তীর্ণ হইতে হইবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৬. | অফিস সহায়ক<br>টাঃ ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ০২ (দুই) | ৩০ বৎসর | অষ্টম শ্রেণী উত্তীর্ণ হইতে হইবে। |

**নিয়োগের শর্তাবলী :**

১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হইতে হইবে।

২। প্রার্থীগণকে অনলাইনে (http://kda.teletalk.com.bd) আবেদন করিতে হইবে। আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্মতারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেইভাবে লিখিত আছে, অনলাইন আবেদন ফরমে এবং পরবর্তীতে হুবহু সেইভাবে লিখিতে হইবে।

৩। মুদ্রিত/হাতে লেখা কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হইলে তাহা গ্রহণযোগ্য হইবে না।

৪। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে। বয়সসীমা ১৯/০৯/২০২২ খ্রি: তারিখে সর্বোচ্চ ৩০ বৎসর। তবে মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/শারীরিক প্রতিবন্ধী আবেদনকারীগণের জন্য বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর।

৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করিতে হইবে।

৬। একজন আবেদনকারী শুধুমাত্র একটি ক্যাটাগরির পদে আবেদন করিতে পারিবেন।

৭। **অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :**

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিকে (http://kda.teletalk.com.bd) অথবা www.kda.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে নির্ধারিত আবেদনপত্র পূরণ করিয়া পরীক্ষা ফিসহ online registration কার্যক্রম সম্পন্ন করিতে হইবে। উল্লিখিত ওয়েবসাইটে প্রবেশ করিলে 'খুউক নিয়োগ ২০২২'-এর বিজ্ঞপ্তি, আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনাবলী এবং নির্ধারিত Application Form এর লিংক দৃশ্যমান হইবে। Application Form এর লিংক এ ক্লিক করিলে শূন্যপদসমূহের পার্শ্বে রেডিও বাটন দৃশ্যমান হইবে। রেডিও বাটন সিলেক্ট করিয়া Next বাটনে ক্লিক করিলে Application Form পাতায় প্রবেশ করা যাইবে।

i) আবেদনপত্র পূরণ ও পরীক্ষা ফি জমা দেওয়ার শুরুর তারিখ ও সময় : ১৯/০৯/২০২২ খ্রি: সকাল ১০.০০ ঘটিকা।

ii) আবেদনপত্র পূরণপূর্বক জমা দেওয়ার শেষ তারিখ ও সময় : ১৩/১০/২০২২ খ্রি: বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদনপত্র Submit এর সময় হইতে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারিবেন;

খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থী তাহার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করিয়া Upload করিবেন;

গ) অনলাইন আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হইবে, সেইহেতু অনলাইনে আবেদনপত্র Submit করিবার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হইবেন;

ঘ) অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করিয়া নির্দেশনামতে প্রার্থীর ছবি ও স্বাক্ষর Upload করিয়া আবেদনপত্র Submit করা সম্পন্ন হইলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাইবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করিবার পর প্রার্থীর User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাওয়া যাইবে। Applicant's copyটি Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করিয়া পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষণ করিবেন;

ঙ) প্রাপ্ত User ID নম্বর ব্যবহার করিয়া প্রার্থী যে কোন Teletalk pre-paid মোবাইল নাম্বারের মাধ্যমে SMS করিয়া আবেদন ফি বাবদ উপরের ছকে বর্ণিত (১ ও ২) নং ক্রমিকভুক্ত পদের বিপরীতে আবেদন ফি বাবদ ৭০০/- (সাতশত) টাকা মাত্র এবং ক্রমিক নং (৩-১৬) ভুক্ত পদের বিপরীতে আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। উল্লেখ্য, অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করিয়া Submit করা হইলেও আবেদন ফি জমা না দেওয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্রটি কোনভাবেই গৃহীত হইবে না। নিম্নে SMS এর নির্দেশনা User ID এবং Password পুনরুদ্ধার পদ্ধতি উল্লেখ করা হইল।

**SMS করার পদ্ধতি :**

প্রথম SMS : KDA <space> User ID লিখিয়া 16222 নম্বরে Send করিতে হইবে।
Example : KDA ABCDE and send to 16222
দ্বিতীয় SMS : KDA <space>Yes<space>PIN লিখিয়া ১৬২২২ নম্বরে Send করিতে হইবে।
Example : KDA YES 123456 and send to 16222
দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এ Password পাওয়া যাইবে। Password টি Admit card (প্রবেশপত্র) Download এর জন্য প্রার্থী সংরক্ষণ করিবেন।

**User ID এবং Password পুনরুদ্ধার পদ্ধতি :**

শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন হইতে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করিয়া নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করিতে পারিবেন।
User ID জানা থাকিলে : KDA <space>Help<space>User<space>User ID & Send to 16222
Example : KDA Help User ABCDEF & Send to 16222
PIN Number জানা থাকিলে : KDA <space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222
Example : KDA Help PIN 12345678 & Send to 16222

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি (http://kda.teletalk.com.bd) ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হইবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হইবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করিয়া পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক রঙ্গিন Print সংরক্ষণ করিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হইলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করিবেন।

৮। প্রার্থীর যোগ্যতা যাচাই :

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হইলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করিলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হইলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করিবার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করিবেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির একটি করিয়া সত্যায়িত ফটোকপি/অনুলিপি দাখিল করিতে হইবে;

ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;
খ) প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক এক কপি চারিত্রিক সনদপত্র;
গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;
ঘ) জাতীয় পরিচয়পত্র;
ঙ) অনলাইন-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy)।

৯। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (খুউক)-এর ওয়েবসাইটে (www.kda.gov.bd) পাওয়া যাইবে।

১০। লিখিত ও মৌখিক পরীক্ষা এবং শিক্ষাগত যোগ্যতার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে চূড়ান্তভাবে প্রার্থী নির্বাচন করা হইবে।

১১। নিয়োগের ক্ষেত্রে সকল প্রকার সরকারি বিধি-বিধান এবং সংশ্লিষ্ট প্রবিধানমালা অনুসরণ করা হইবে।

১২। নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করিবেন।

১৩। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করিবার অধিকার সংরক্ষণ করিবেন।

১৪। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

১৫। এই নিয়োগ বিজ্ঞপ্তি খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ-এর স্মারক নম্বর ২৫.৪১.০০০০.০০৪.০১.০০৬.২২-৮৩৭৫ তারিখ : ১৪/০৯/২০২২ খ্রি:-এর আলোকে প্রকাশ করা হইল।

স্বাঃ- ১৪/০৯/২০২২
**সচিব**
**খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ**
**খুলনা**
ও
সদস্য-সচিব
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি।

ফোন-০২৪৭৭৭২২০৫৯
ফ্যাক্স-০২৪৭৭৭২৫১৫৪
ই-মে : kda@kda.gov.bd

ডিসি-৯০২/২২ (১৫″×৮)